**মলদ্বীপ প্রজাতন্ত্রের নবনির্বাচিত প্রেসিডেন্ট মিঃ আবদুল্লা ইয়ামিন আবদুল গাইয়ুমকে প্রধানমন্ত্রী অভিনন্দন জানালেন**

**১৮ নভেম্বর ২০১৩**

সম্মানীয় মহাশয়,

প্রেসিডেন্ট নির্বাচনে আপনার বিজয়ে আমার হৃদয়ের অন্তর থেকে আপনাকে অভিনন্দন জানাতে অত্যন্ত সন্তোষ বোধ করছি।আপনার বিজয় মলদ্বীপের বহুত্ববাদী গণতন্ত্রের বিজয়কেই সূচিত করে।আমি নিশ্চিত আপনার নেতৃত্বে মলদ্বীপ স্থায়ীত্ব,শান্তি,প্রগতি ও উন্নয়নের পথে আরো অগ্রসর হবে।

ঐতিহাসিক,সাংস্কৃতিক ও সভ্যতার বন্ধনে ভারত ও মলদ্বীপ একে অপরের সংগে সম্পর্কিত।আমাদের ভৌগোলিক নৈকট্য দুই দেশের মধ্যে নিবিড় ও বন্ধুত্বপূর্ণ সম্পর্কের ভিত্তি সৃষ্টি করেছে এবং তা গড়ে উঠেছে।এই সংগে আমি আমাদের চলতি বছরের গোড়ায় সাক্ষাতের বিষয়টি পুনরাবৃত্তি করতে চাই,বিশেষ করে,ভারত যে মলদ্বীপের সংগে সম্পর্ক বজায় রাখার বিষয়ে সর্বোচ্চ গুরুত্ব দেয়। এখন যখন আপনি কার্যভার গ্রহনের যাবতীয় প্রস্তুতি নিচ্ছেন,তখন আপনার মেয়াদকালের সাফল্য কামনা করছি এবং আপনাকে প্রতিস্রুতি দিচ্ছি মলদ্বীপের জনগণের শান্তিপূর্ণ ও সমৃদ্ধশালী ভবিষ্যতের জন্য ভারত সর্বোতভাবে সহযোগিতা করতে প্রস্তুত।

মাননীয় মহাশয়, আমার সর্বাধিক গুরুত্বের এই প্রতিস্রুতি আপনি গ্রহণ করুন।

(মনমোহন সিং)